

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪২৯

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ শুভকাজে প্রতিযোগিতা ও শীঘ্র করা এবং পুণ্যকামীকে পুণ্যের প্রতি তৎপরতার সাথে নির্দ্বিধায় সম্পাদন করতে উৎসাহিত করা

আববী

عَنْ أَبِيْ سِرْوَعَةَ عُقبةَ بِنِ الحَارِثِ قَالَ: صَلَّيتُ وَرَاءَ النَّبِيِّ عَلَيْ المَدِينَةِ العَصْرَ فَسَلَّمَ ثُمَّ قَامَ مُسْرِعاً فَتَخَطَّى رِقَابَ النَّاسِ إِلَى بعْضِ حُجَرِ نِسَائِهِ فَفَرْعَ النَّاسُ مِنْ سُرْعَتِهِ فَخَرَجَ عَلَيهِمْ فَرَأَى أَنَّهِمْ قَدْ عَجِبُوا مِنْ سُرعَتهِ قَالَ ذَكَرتُ شَيئاً مِنْ تِبرٍ عَندَنَا فَكَرِهِتُ فَخَرَجَ عَلَيهِمْ فَرَأَى أَنَّهِمْ قَدْ عَجِبُوا مِنْ سُرعَتهِ قَالَ ذَكَرتُ شَيئاً مِنْ تِبرٍ عَندَنَا فَكَرِهِتُ أَنْ يُحْبِسَنِي فَأَمَرتُ بِقِسْمَتِهِ رَوَاهِ البخاري _ وفي رواية لَهُ كُنتُ خَلَّفتُ في البَيْتِ تِبراً مِنْ الصَّدَقةِ فَكَرِهِتُ أَنْ أُبَيِّتَهُ مِنْ المَعَلَّامِ مَنْ الصَّدَقةِ فَكَرِهِتُ أَنْ أُبَيِّتَهُ

বাংলা

(৪২৯) আবূ সিরওয়াআহ উক্ববাহ ইবনে হারেস (রাঃ) বলেন যে, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে মদীনায় আসরের নামায পড়লাম। অতঃপর সালাম ফিরে তিনি অতি শীঘ্র দাঁড়িয়ে পড়লেন। তারপর লোকদের গর্দান টপকে তাঁর কোন এক স্ত্রীর কামরায় চলে গেলেন। লোকেরা তাঁর শীঘ্রতা দেখে ঘাবড়ে গেল। অতঃপর তিনি বের হয়ে এলেন; দেখলেন লোকেরা তাঁর শীঘ্রতার কারণে আশ্চর্যান্বিত হয়েছে। তিনি বললেন, (নামাযে) আমার মনে পড়ল যে, (বাড়ীতে সোনা অথবা চাঁদির) একটি টুকরা রয়ে গেছে। আমি চাইলাম না যে, তা আমাকে আল্লাহর স্মরণে বাধা দেবে। যার জন্য আমি (দ্রুত বাড়ীতে গিয়ে) তা বন্টন করার আদেশ দিলাম।

অন্য এক বর্ণনায় আছে, আমি বাড়ীতে সাদকার একটি স্বর্ণখণ্ড ছেড়ে এসেছিলাম। অতঃপর আমি তা রাতে নিজ গৃহে রাখা পছন্দ করলাম না।

ফুটনোট

(বুখারী ৮৫১, ১৪৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উকবা ইবনুল হারিস (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=63948}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন